গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
কৃত্রিম প্রজনন দপ্তর,প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষি খামার সড়ক,ফার্মগেট,ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নংঃ-৩৩.০১.০০০০.৬০০.২২.০০৬.১৭- ২৯১

তারিখঃ- ৭/০২/২০২৩ খ্রিঃ।

**বিষয়ঃ গত ৩১-০১-২০২৩ ইং তারিখে অনুষ্ঠিত National Technical Regulatory Committee (NTRC) এর ৭ম সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

National Technical Regulatory Committee (NTRC) সভা কমিটির আহবায়ক এ.টি.এম. মোস্তফা কামাল, অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ -২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সভাপতিত্বে গত ৩১-০১-২০২৩ইং তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

(ডাঃ আনন্দ কুমার অধিকারী)
পরিচালক (চলতি দায়িত্ব)
কৃত্রিম প্রজনন দপ্তর
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১-২। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও সদস্য NTRC কমিটি।
৩। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা ও সদস্য NTRC কমিটি।
৪। পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা ও সদস্য NTRC কমিটি।
৫। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণী প্রজনন ও কৌলিবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়,ময়মনসিংহ ও সদস্য NTRC কমিটি।
৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC কমিটি।
৭। প্রফেসর ড. লাম ইয়া আসাদ,এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়,ঢাকা ও সদস্য NTRC কমিটি।
৮। উপ পরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর,ঢাকা ও সদস্য NTRC কমিটি।
৯। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকার সদস্য NTRC কমিটি।
১০। ড. গৌতম কুমার দেব, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই,সাভার, ঢাকা ও সদস্য NTRC কমিটি।
১১। এ.সি.আই এনিম্যাল জেনেটিক্স এর একজন প্রতিনিধি সদস্য NTRC কমিটি।
১২। আমেরিকান ডেইরী লিঃ এর একজন প্রতিনিধি সদস্য NTRC কমিটি।
১৩। ব্র্যাক (কৃত্রিম প্রজনন ডিভিশন) এর একজন প্রতিনিধি সদস্য NTRC কমিটি।
১৪। বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর একজন প্রতিনিধি সদস্য NTRC কমিটি।
১৫। লালতীর লইভস্টক (বিডি) লিঃ, এ্যাংকর টাওয়ার, ১০৮ বীর উত্তম সি আর দত্ত রোড, ঢাকা।
১৬। ইজাব এলায়েন্স লিঃ, সিংগিয়া, জগন্নাথপুর, ঠাঁকুরগাঁও।

সদয় অবগতির জন্য অনুলিপি(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাণিসম্পদ অধিদপ্তর

কৃষি খামার সড়ক,ফার্মগেট,ঢাকা-১২১৫।

www.dls.gov.bd

**National Technical Regulatory Committee (NTRC) এর ৭ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব এ.টি.এম. মোস্তফা কামাল<br>অতিরিক্ত সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | ঃ | ৩১-০১-২০২৩খ্রিঃ |
| সময় | ঃ | বেলা ২.০০ ঘটিকা |
| সভাস্থল | ঃ | কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর এর সভা কক্ষ |
| উপস্থিতি | ঃ | সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা (পরিশিষ্ট”ক”)। |

সভাপতি, NTRC সভার শুরুতে উপস্থিত অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান এবং NTRC এর সন্মানিত সদস্য, ড. কুতুব উদ্দিন তালুকদার, প্রতিনিধি, আমেরিকান ডেইরী লিঃ গত ৭ জানুয়ারী, ২০২৩ তারিখ ইন্তেকাল করেন (ইন্না ইলাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন), তাঁর অকাল মৃত্যুতে অত্র কমিটির সকল সদস্য গভীরভাবে শোকাহত, মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জ্ঞাপন করেন। এরপর সদস্য সচিব পরিচালক, কৃত্রিম প্রজননকে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান করেন।

২। পরিচালক, কৃত্রিম প্রজনন পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। ৬ষ্ঠ সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ কার্যবিবরণী অনুমোদনের জন্য প্রস্তাব করেন এবং সর্ব সম্মতিক্রমে তা গৃহীত হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা, বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন,এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ,বেসরকারী সংস্থাসমুহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন/নবায়ন এবং বিবিধ বিষয় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন।

৩। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, প্রাণি প্রজনন ও কৌলি বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ সভায় মাঠ পর্যায়ে অনুমোদিত জাতের কৃত্রিম প্রজনন নির্দেশিকা-২০১৯ মেনে চলার জন্য সরকারী পর্যায়ে একশন প্রোগ্রাম নেয়া প্রয়োজন বলে মত প্রকাশ করেন এবং বাংলাদেশের বিভিন্ন খামারে লালন পালনকৃত পিওর হলিস্টিন জাতের গাভী/বকনা হতে উচ্চ কৌলিক মানসম্পন্ন প্রজনন ষাঁড় তৈরী/বাছাই করার উদ্দেশ্যে সকল পিওর হলিস্টিন জাতের পারফরমেন্স কঠোরভাবে সংরক্ষণ এবং জেনেটিক ইভ্যালুয়েশন এর মাধ্যমে বাংলাদেশের আবহাওয়া উপযোগী প্রজনন ষাঁড় বাছাই করার জন্য একটি কারিগরি কমিটি গঠনের প্রস্তাব করেন। সকল আমদানিকৃত সিমেন/গাভী/বকনা/বুল ইত্যাদির বাংলাদেশের আবহাওয়ায় এগুলির টেকসই পারফরমেন্স সম্পর্কে অবগত হওয়া বা মনিটরিং এ থাকা জরুরী। এ জন্য মাঠ পর্যায়ে উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র গণকে আরও সতর্কতা অবলম্বনের জন্য মতামত ব্যাক্ত করেন।

৪। ড. ফারুকুল ইসলাম, ব্র্যাক এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, ডিলারের মাধ্যমে যাতে সিমেন বিতরণ না করা হয়, জেলা পর্যায়ে মনিটরিং কমিটিতে ডিলারের অংশগ্রহণকে নিরুৎসাহিত করার প্রস্তাব করেন।

৫। ড. কাজী মোঃ এমদাদুল হক, লালতীর এর প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করে বলেন, সারা দেশে যৌথভাবে সরকারী ও বেসরকারী উদ্যোগে (পিপিপি এর আওতায়) ইয়ার ট্যাগিং এর উদ্যোগ গ্রহণের প্রস্তাব করেন। আমদানিকৃত পিওর হলস্টিন জাতের বুল কোন উৎস থেকে সংগ্রহ করা হয় সে বিষয়ে ইনস্পেকশন চালু করা দরকার।

৬। ডাঃ মোঃ শাহীনুর আলম, পরিচালক, সম্প্রসারণ সভায় উল্লেখ করেন, **দেশে বর্তমানে অষ্ট্রিচ লালন পালনের অভিজ্ঞতা বিশেষতঃ রোগ প্রতিরোধ ক্ষমতা সন্তোষজনক না হওয়ায়, উচ্চ মৃত্যু হার, আলাদা করে নতুন রেশন ফর্মুলেশন, নিম্ন উৎপাদনশীলতা, সিজোনাল ডিম উৎপাদন, ফ্রেস মাংস সংরক্ষণের জটিলতা ইত্যাদি কারণে আমদানি না করার বিষয়ে** মত প্রকাশ করেন।

৭। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, এনিম্যাল নিউট্রিশন, জেনেটিক এন্ড ব্রিডিং বিভাগ, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা, **সুনির্দিষ্টভাবে আমদানির লক্ষ্য ও উদ্দেশ্য,বয়স, লিঙ্গ উল্লেখপূর্বক আবেদন করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।**

৮। ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা সরকারী ব্যবস্থাপনায় প্রজনন কাজের জন্য বুল তৈরী করে বেসরকারী প্রতিষ্ঠানের কাছে সরবরাহ করার বিষয়ে মত প্রকাশ করেন।

৯। ডাঃ মোঃ মনিরুল ইসলাম, পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা বলেন মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।

১০। ড. মোঃ গোলাম আজম, পিএসও, এ্যানিমেল ব্রিডিং, সাভার, ঢাকা সভায় উল্লেখ করেন, টিডিএল এ রক্ষিত ব্রিডিং বুলের বাসস্থানের জায়গা আরও প্রসস্থ হওয়া দরকার, পূর্বে প্রস্তুতকৃত সংরক্ষিত সিমেন ধ্বংস করা প্রয়োজন এবং বিগত সভার সকল সিদ্ধান্ত কঠোরভাবে প্রতিপালনের উপর গুরুত্ব আরোপ করেন।

১১। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ উল্লেখ করেন যে, মাঠ পর্যায়ে গাভীর পারফরমেন্স সংরক্ষণ এবং গর্ভধারণ হার আরও বিশ্বাসযোগ্য ও গ্রহণযোগ্য হওয়া দরকার বলে মত প্রকাশ করেন।

১২। জনাব এ.টি.এম মোস্তফা কামাল, সভাপতি, NTRC উল্লেখ করেন, উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র গণকে মাঠ পর্যায়ের মনিটরিং কার্যক্রম জোরদার করার লক্ষ্যে আরও সক্রিয় ভূমিকা পালন করা দরকার, রেকর্ড কিপিং দুর্বলতা দূর করতে বিশেষ উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

১৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১৩.১ | NTRC এর সম্মানিত সদস্য, ড. কুতুব উদ্দিন তালুকদার, প্রতিনিধি, আমেরিকান ডেইরী লিঃ গত ৭ জানুয়ারী, ২০২৩ তারিখ ইন্তেকাল করেন (ইন্না ইলাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন), তাঁর অকাল মৃত্যুতে অত্র কমিটির সর্বসন্মতিক্রমে শোক প্রস্তাব গ্রহীত হয়। | |
| ১৩.২ | বিগত কয়েকটি সভার গৃহীত সিদ্ধান্ত সমূহের আলোকে মাঠ পর্যায়ে সরাসরি মনিটরিং কার্যক্রম আরও গতিশীল করার লক্ষ্যে উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র সমূহকে নের্তৃত্বের ভূমিকা পালন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর,<br>পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর<br>উপপরিচালক, কৃত্রিম প্রজনন ও সকল বেসরকারী সংস্থা |
| ১৩.৩ | **<u>বুল স্টেশন নিবন্ধন/ নবায়ন সংক্রান্ত সুপারিশ ঃ</u>**<br>**১৩.৩.১** ঠাকুরগাঁও ডেইরী লিঃ (টিডিএল) সালন্দর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর নিবন্ধনের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন প্রদানের সুপারিশের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**১৩.৩.২** বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা), বাঘাবাড়ীহাট, শাহজাদপুর, সিরাজগঞ্জ এর নিবন্ধনের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন প্রদানের সুপারিশের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১৩.৩.৩ সমাজ ও জাতী গঠণ (সজাগ), শৈলান, ধামরাই, ঢাকা এর নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন সন্তোষজনক হওয়ায় শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানটির নিবন্ধন নবায়ন প্রদানের সুপারিশের সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

| | | |
|---|---|---|
| | **<u>বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরি উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহীত সিদ্ধান্ত ঃ</u>**<br><br>১৩.৪.১ ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজ, ব্র্যাকসেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, ভারত হতে উন্নত কৌলিক গুণসম্পন্ন ৪০০ ডোজ ১০০% শাহীওয়াল এমব্রায়ো এবং ২০০০ ডোজ ১০০% শাহীওয়াল সিমেন আমদানির অনুমতি প্রদানের সুপারিশ করা হয়। | |
| ১৩.৪ | ১৩.৪.২ ইয়ন বায়োসায়েন্স লিঃ, বদরগঞ্জ, রংপুর, ইউ.এস এ হতে ৯৫০ ডোজ পিওর ব্রীড হলস্টিন ফ্রিজিয়ান জাতের গভীর হিমায়িত সিমেন আমদানির অনুমতি দেয়ার সুপারিশ করা হয়।<br><br>১৩.৪.৩ মেঘনা ডেইরি এন্ড পোল্ট্রিফার্ম, স্বত্তাধিকারী: জনাব এস,এম কামাল, গ্রামঃ উপর রাজারামপুর, ডাকঃ উপর রাজারামপুর, উপজেলাঃ চাপাইনবাবগঞ্জ সদর, জেলাঃ চাপাইনবাবগঞ্জ, নেপাল থেকে মুররা জাতের ১০০০ টি মহিষ আমদানির লক্ষ্য ও উদ্দেশ্য সুনির্দিষ্টভাবে উল্লেখ করেন নাই এবং কোন বয়স ও লিঙ্গ উল্লেখ করেননি। সুনির্দিষ্টভাবে আমদানির লক্ষ্য ও উদ্দেশ্য, বয়স, লিঙ্গ উল্লেখপূর্বক আবেদন করার জন্য অনুরোধ করা হয়।<br><br>১৩.৪.৪ রংপুর পোল্ট্রি লিমিটেড গ্রামঃ খাপড়িখাল, ইউঃ বেতগাড়ী, ডাকঘরঃ চান্দামারী, উপজেলাঃ গঙ্গাচড়া, জেলাঃ রংপুর ইউ.এস.এ হতে ৩০০০ মাত্রা হলস্টেইন ফ্রিজিয়ান বুল এর বীজ (**Bull Semen**) আমদানির সুপারিশ করা হয়।<br><br>১৩.৪.৫ এস.এম এন্টারপ্রাইজ, ২/১-এ, দারুস সালাম, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ ইউ.এস.এ এবং দক্ষিণ আফ্রিকা হতে ২০০ ( ১০০ পিস আমেরিকান ব্রাহামা ও ১০০ পিস এন্গাস) গরু আমদানির অনুমতি না দেয়ার সুপারিশ করা হয়।<br><br>১৩.৪.৬ কোয়ালিটি ফিডস লিমিটেড, হাউজ- ১৪, রোড- ৭, সেক্টোর- ৪, উত্তরা, ঢাকা-১২৩০, বিদেশ হতে ব্রাহমা এবং ব্রাঙ্গাস জাতের মা-গাভী ও সিমেন আমদানির বিষয়ে অনুমতি না দেয়ার সুপারিশ করা হয়।<br><br>১৩.৪.৭ সিনান বার্ডস ব্রিডিং ফার্ম, ৫৭১, গেন্ডারদিয়া, বাসষ্ট্যান্ড, সিংগাইর, মানিকগঞ্জ, **African Zone/South Africa** হতে **American Brahman Cow**-১০০ টি, **Camel**- ১০০ টি **Goat-Capra aegagrushircus**- ১০০ টি আমদানির অনুমতি না দেওয়ার সুপারিশ করা হয়।<br><br>১৩.৪.৮ রাইতা এগ্রো, গেন্ডারদিয়া, বাসষ্ট্যান্ড, সিংগাইর, মানিগঞ্জ,কর্তৃক আবেদনকৃত **European Union** হতে ১০০ টি **Bactrian Camel** (উট) বাংলাদেশে অপ্রচলিত প্রাণী হওয়ায় আমদানির বিষয়ে নিরুৎসাহিত করা হয়। **Pony Horse** ১০০ পিস, আমদানির বিষয়ে দ্বিমত পোষণ করা হয়। **Sheep** - ১০০ পিস আমদানির ক্ষেত্রে সুনির্দিষ্ট লক্ষ্য, উদ্দেশ্য, জাত, বয়স ও লিঙ্গ উল্লেখ পূর্বক আবেদন করার জন্য সুপারিশ করা হয়।<br><br>১৩.৪.৯ এডভান্সড কেমিক্যাল ইন্ড্রাষ্টিজ লিমিটেড, এসিআই সেন্টার ২৪৫ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮, আমদানির প্রয়োজনীয় তথ্য প্রাপ্তি স্বাপেক্ষে ভারত হতে ৮ (আট) টি মুররা জাতের মহিষের ষাঁড় এবং বিশুদ্ধ মুররা জাতের মহিষের ৫০০ ডোজেজ ফ্রোজেন সিমেন আমদানির সুপারিশ করা হয়।<br>১৩.৪.১০ এম এম ট্রেড ইন্টারন্যাশনাল, গ্রাম: অন্দোলপোতা, ডাক: জহরপুর, উপজেলা: যশোর সদর, জেলা: যশোর, ভারত ও ভুটান হতে **Buffalo**- ৫০০০ টি (**Bull**- ২৫০০ টি, **Cow**- ২৫০০ টি) আমদানির জন্য আবেদন করেছেন। আবেদনটি অসম্পূর্ণ ও বাণিজ্যিক উদ্দেশ্যে আমদানির কথা উল্লেখ করা হয়েছে এবং কোন জাত, বয়স ও লিঙ্গ সুনির্দিষ্টভাবে উল্লেখ করেননি। সুনির্দিষ্টভাবে আমদানির লক্ষ্য ও উদ্দেশ্য, বয়স, লিঙ্গ উল্লেখপূর্বক আবেদন করার জন্য সুপারিশ করা হয়।<br><br>১৩.৪.১১ এম,এম ট্রেডইন্টারন্যাশনাল, গ্রাম: অন্দোলপোতা, ডাক: জহরপুর, উপজেলা: যশোর সদর, জেলা: যশোর,আফ্রিকা হতে **Goat**- ১৫০০০ টি, আমদানি না করার বিষয়ে তিনি মত প্রকাশ করেন। **Sheep**- ১৪৫০০ টি আমদানির ক্ষেত্রে নির্দিষ্ট জাত, বয়স ও লিঙ্গ উল্লেখপূর্বক আবেদন করার জন্য অনুরোধ করা হয়। **Camel**-২০০ টি অপ্রচলিত প্রাণী বিধায় আমদানির বিষয়ে | মহাপরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

নিরুৎসাহিত করা হয়। **Cow-** ৩০০ টি সুনির্দিষ্টভাবে আমদানির বয়স, লিঙ্গ উল্লেখপূর্বক আবেদন করার জন্য সুপারিশ করা হয়।

১৩.৪.১২ ওবিডিয়েন্ট কর্পোরেশন, সুইটঃ ৯ ডি, ২১০/২ ডঃ কুদরত-ই-খুদা রোড, এলিফেন্ট রোড, ঢাকা-১২০৫ পার্শ্ববর্তী দেশ ভারত থেকে ৫০০০ জোড়া মহিষ আমদানির আবেদনপত্রে লক্ষ্য ও উদ্দেশ্য সুনির্দিষ্টভাবে উল্লেখ করেন নাই এবং কোন জাত, বয়স ও লিঙ্গ উল্লেখ করেননি। সুনির্দিষ্টভাবে আমদানির লক্ষ্য ও উদ্দেশ্য,জাত, বয়স, লিঙ্গ উল্লেখপূর্বক আবেদন করার জন্য সুপারিশ করা হয়।

১৩.৪.১৩ সাদিক এগ্রো, স্বত্ত্বাধিকারীঃ মোঃ ইমরান হোসেন, ৭ নং লোহাগেইট, নবীনগর হাউজিং, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭,কর্তৃক দুবাই হতে লামাঞ্চা, সানিন গোট ও আল-পাইন জাতের ১০০ টি ছাগল আমদানি না করার বিষয়ে সভা মতামত প্রকাশ করেন। ৫০টি জীবন্ত দুম্বা আমদানির ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে আমদানির লক্ষ্য ও উদ্দেশ্য,জাত বয়স, লিঙ্গ উল্লেখপূর্বক আবেদন করার জন্য সুপারিশ করা হয়।

১৩.৪.১৪ লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড, এনকর টাওয়ার ১০৮ বীর উত্তম সি.আর. দত্ত রোড, ঢাকা-১২০৫,পাকিস্তান হতে শাহীওয়াল জাতের বুল- ২ টি ও নীলি রাভী জাতের মহিষ বুল-২ টি প্রয়োজনীয় তথ্য প্রাপ্তিস্বাপেক্ষে আমদানির অনুমতি দেওয়ার বিষয়ে সুপারিশ করা হয়।

১৩.৪.১৫ ব্র্যাক কৃত্রিম প্রজনন এন্টারপ্রাইজ, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২ ১৮/১০/২০২২ তারিখে ৬ষ্ঠ সভার গৃহীত সিদ্ধান্ত মোতাবেক সুপারিশকৃত ৪০০ ডোজ ১০০% হলস্টিন ফ্রিজিয়ান জাতের হিমায়িত ভ্রূণ(**Frozen Embryo) USA** অথবা কানাডা থেকে আমদানির সুপারিশ করা হয়।

১৩.৪.১৬ মেসার্স নজরুল এন্ড সন্স, গোদাগাড়ী রোড, চাঁপাইনবাবগঞ্জ, ভারত হতে মুররাহ জাতের ৩৫০ টি মহিষের সুনির্দিষ্টভাবে আমদানির লক্ষ্য ও উদ্দেশ্য,বয়স, লিঙ্গ উল্লেখপূর্বক আবেদন করার জন্য সুপারিশ করা হয়।

১৩.৪.১৭ ব্র্যাক কৃত্রিম প্রজননএন্টারপ্রাইজ, ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, আমেরিকা হতে ১০০% হলস্টেইন ফ্রিজিয়ান **(Pure HF)** জাতের অতি উচ্চ কৌলিকগুণ সম্পন্ন ০৫ টি প্রজনন ষাঁড় আমদানির সুপারিশ করা হয়।

১৩.৪.১৮ এডভান্সড কেমিক্যাল ইন্ড্রাষ্টিজ লিমিটেড, এসিআই সেন্টার ২৪৫, তেজগাঁও শিল্পএলাকা, ঢাকা-১২০৮, ইউ এস এ হতে ২০০০ মাত্রা বিশুদ্ধ হলস্টিন ফ্রিজিয়ান জাতের সিমেন আমদানীর সুপারিশ করা হয়।

১৩.৪.১৯ বিজনেজ ডাইরেক্টর, এসিআই এনিমেল জেনেটিক্স, এডভান্সড কেমিক্যাল ইন্ড্রাষ্টিজ লিমিটেড, এসিআই সেন্টার, ২৪৫ তেজগাঁও শিল্পএলাকা, ঢাকা, ইউ এস এ হতে বিশুদ্ধ হলেস্টেইন ফ্রিজিয়ান জাতের ২০ টি গর্ভবতী বকনা/গাভী ও ৫ টি প্রজনন ষাঁড় আমদানির সুপারিশ করা হয়।

১৩.৪.২০ রংপুর পোল্ট্রি লিমিটেড গ্রামঃ খাপড়িখাল, ইউঃ বেতগাড়ী, ডাকঘরঃ চান্দামারী, উপজেলাঃ গঙ্গাচড়া, জেলাঃ রংপুর ইউ এস এ হতে হলেস্টাইন ফ্রিজিয়ান জাতের ৫০০ টি ফ্রোজেন এমব্রায়ো আমদানির সুপারিশ করা হয়।

১৩.৪.২১ সারা এগ্রো ফার্ম এন্ড হ্যাচারী, ৫৯৬/ বালুয়াকান্দা, অন্নতপুর, শাহসুলতান রোড, নেত্রকোনা-২৪০০, সাউথ আফ্রিকা হতে জীবন্ত অষ্ট্রিচ এর বাচ্চা ৩০০ টি আমদানির জন্য আবেদন করেছেন। দেশে বর্তমানে অষ্ট্রিচ লালন পালনের অভিজ্ঞতা বিশেষতঃ রোগ প্রতিরোধ ক্ষমতা সন্তোষজনক না হওয়ায় আমদানি না করার সুপারিশ করা হয়।

| | | |
|---|---|---|
| ১৩.৫ | **বিভিন্ন প্রতিষ্টানের ব্রিডিং বুল প্রত্যয়ন**<br><br>**১৩.৫.১** ব্র্যাক বগুড়া এর উপস্থাপিত ০৮(আট) টি ট্রায়াল ষাঁড় হতে ৭(সাত)টি 21-325 -10- 20, 21-340 -02- 21, 22-345 -01- 21 , 21-327 -12- 20, 22-341 -10- 20, 22-344 -10- 20 ও 22-346 -10- 20 প্রত্যয়ন করার সুপারিশ করা হয় এবং বাকী ১(এক)টি প্রজনন ষাঁড় (আইডি নং-22-338 -02- 21) বাতিল করার সুপারিশ করা হয়।<br><br>**১৩.৫.২** এসিআই এনিম্যাল জেনেটিক্স এর উপস্থাপিত ২৫ (পঁচিশ) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ১৫ (পনের) টি প্রজনন ষাঁড়ের (**বুল আইডি নম্বর-১৫০, ১৫৩, ১৫৭, ১৫৮, ১৬০, ১৬১ ১৬২, ১৬৪, ১৬৫, ১৬৬, ১৬৯, ১৭০, ১৭২, ১৭৩ ও ১৭৪**) সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের জন্য উপযোগী হিসেবে উল্লেখিত তথ্য মোতাবেক প্রত্যায়নের সুপারিশ করা হলো এবং বুলের **উৎস, বিভিন্ন জাতের মিশ্রণ, আকার আকৃতি ছোট হওয়া, জাতের সাথে গায়ের রং এর অমিল, মাতার দুগ্ধ উৎপাদন ইত্যাদি কারণে** ১০ (দশ)টি **বুল** বাতিলের সুপারিশ করা হলো (বুল **আইডি নম্বর- ১৫১, ১৫২, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৯, ১৬৩, ১৬৭, ১৬৮ ও ১৭১**)।<br><br>**১৩.৫.৩** লালতীর এর উপস্থাপিত ১১ (এগার) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ৭ (সাত) টি প্রজনন ষাঁড়ের (**বুল আইডি নম্বর-20SL0052, 21SL0055, 20SL0051, 21LPC0040, 22LO0042, 22NBG0047 ও 22LMC0046**) সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের জন্য উপযোগী হিসেবে উল্লেখিত তথ্য মোতাবেক প্রত্যায়নের সুপারিশ করা হলো এবং বুলের **উৎস, বিভিন্ন জাতের মিশ্রণ, আকার আকৃতি ছোট হওয়া, জাতের সাথে গায়ের রং এর অমিল, মাতার দুগ্ধ উৎপাদন ইত্যাদি কারণে** ৪ (চার)টি **বুল** বাতিলের সুপারিশ করা হলো (বুল **আইডি নম্বর- 22HO0221, 22HO0231, 20HO0177 ও 22NBG0044**)। মুররা জাতের বুল (বুল **আইডি নম্বর- 22MU0003**) সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের জন্য উপযোগী হিসেবে উল্লেখিত তথ্য মোতাবেক প্রত্যায়নের সুপারিশ করা হলো।<br><br>**১৩.৫.৪** বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা) এর উপস্থাপিত ৮ (আট) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ৫ (পাঁচ) টি প্রজনন ষাঁড়ের (**বুল আইডি নম্বর-এফ-১৮, এফ-১৯, এফ-২০, এফ-২১ ও এফ-২২**) সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের জন্য উপযোগী হিসেবে উল্লেখিত তথ্য মোতাবেক প্রত্যায়নের সুপারিশ করা হলো এবং বুলের **বয়স বিবেচনায় এবং ধারাবাহিক সিমেনের গুনগতমান বজায় না থাকায় জার্সি জাতের ৩(তিন) বুল** (**বুল আইডি জে-১৫, জে-১৬ ও জে-২০**) বাতিলের সুপারিশ করা হলো।<br><br>১৩.৫.৫ ঠাকুরগাঁও ডেইরী লিঃ (টিডিএল) সালন্দর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও এর উপস্থাপিত ১৪ (চৌদ্দ) টি প্রজনন ষাঁড়ের মধ্য হতে ১২ (বার) টি প্রজনন ষাঁড়ের (**বুল আইডি নম্বর-BAU235, ২০২, ২০৯, ২১০, ৩০১, ৩০২, ৩২০, ৩২৫, ৩৩৫, ৩৪১, ৩৪৪ ও ৩৪৭**) সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাতকরণের জন্য উপযোগী হিসেবে উল্লেখিত তথ্য মোতাবেক প্রত্যায়নের সুপারিশ করা হলো এবং বুলের **উৎস, বিভিন্ন জাতের মিশ্রণ, আকার আকৃতি ছোট হওয়া, জাতের সাথে গায়ের রং এর অমিল, মাতার দুগ্ধ উৎপাদন ইত্যাদি কারণে** ০২ (দুই)টি **বুল** বাতিলের সুপারিশ করা হলো (বুল **আইডি নম্বর- ২০১ ও ২০৪**)। | বেসরকারী সংস্থা,<br>পরিচালক, কৃত্রিম প্রজনন<br>মহাপরিচালক,<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৩.৬ | প্যারামাউন্ট এগ্রো কর্তৃক সরকারি প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগে পরিচালিত কোম্পানীর গবেষণা কাজের জন্য National Livestock Development Policy, 2007 এর কতিপয় ধারা শিথিল করণ করতঃ কোম্পানীর নামে Gir, Girolando, Wagyu (Bos Taurus), Brangus (Bos Indicus) এর প্রজাতির গবাদি পশু আমদানি না করে উক্ত প্রজাতির সিমেন এবং এমব্রায়ো আমদানির অনুমোতি প্রদানের আবেদন এবং National Livestock Development Policy, 2007 এর কতিপয় ধারা শিথিল করার বিষয়টি NTRC এর এখতিয়ারভূক্ত না হওয়ায় কোন মতামত প্রদান করা সম্ভব হয়নি। | প্রাণিসম্পদ অধিদপ্তর,<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |

| | | |
|---|---|---|
| ৩.৬ | প্যারামাউন্ট এগ্রো কর্তৃক সরকারি প্রতিষ্ঠানের সাথে যৌথ উদ্যোগে পরিচালিত কোম্পানীর গবেষণা কাজের জন্য National Livestock Development Policy, 2007 এর কতিপয় ধারা শিথিল করণ করতঃ কোম্পানীর নামে Gir, Girolando, Wagyu (Bos Taurus), Brangus (Bos Indicus) এর প্রজাতির গবাদি পশু আমদানি না করে উক্ত প্রজাতির সিমেন এবং এমব্রায়ো আমদানির অনুমোতি প্রদানের আবেদন এবং National Livestock Development Policy, 2007 এর কতিপয় ধারা শিথিল করার বিষয়টি NTRC এর এখতিয়ারভূক্ত না হওয়ায় কোন মতামত প্রদান করা সম্ভব হয়নি। | প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ১৩.৭ | NTRC কমিটিতে বাংলাদেশ ডেইরী ফার্মারস এসোসিয়েশনকে অন্তর্ভূক্তকরণের আবেদনটি NTRC এর গঠণ প্রক্রিয়া মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের এখতিয়ারভূক্ত হওয়ায় বিবেচনার জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ১৩.৮ | বাংলাদেশের বিভিন্ন খামারে লালন পালনকৃত পিওর হলিস্টিন জাতের গাভী/বকনা হতে উচ্চ কৌলিক মানসম্পন্ন প্রজনন ষাঁড় তৈরী/বাছাই করার উদ্দেশ্যে সকল পিওর হলিস্টিন জাতের পারফরমেন্স কঠোরভাবে সংরক্ষণ এবং জেনেটিক ইভ্যালুয়েশন এর মাধ্যমে বাংলাদেশের আবহাওয়া উপযোগী প্রজনন ষাঁড় বাছাই করার জন্য একটি কারিগরি কমিটি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারী বেসরকারী পিওর হলিস্টিন জাতের গাভী/বকনার খামার, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| ১৩.৯ | পূর্ববর্তী সভার গৃহীত সিদ্ধান্তসমূহ অধিকতর আন্তরিকতার সাথে প্রতিপালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বেসরকারী সংস্থা, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩১.০১.২০২৩

(জনাব এ.টি.এম মোস্তফা কামাল)
অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২)
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়,ঢাকা
ও
সভাপতি,NTRC।